# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিভিন্ন রোগ-ব্যাধি থেকে আশ্রয় চাইতে

১।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ، وَالْجُنُونِ، وَالْجُذَامِ، وَمِنْ سَيِّئِ الأَسْقَامِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিনাল বারাস্বি অলজুনূনি অলজুযা-মি অমিন সাইয়্যিইল আসক্কা-ম।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট ধবল, উন্মাদ, কুষ্ঠরোগ এবং সকল প্রকার কঠিন ব্যাধি থেকে আশ্রয় প্রার্থনা করছি। (আঃ দাঃ ২/৯৩ সঃ তিঃ ৩/১৮৪, সঃ নাঃ ৩/১১ ১৬)।

২।

اللهم إني أعوذ بك من العجز ، والكسل ، والجبن ، والبخل ، والهرم ، والقسوة ، والغفلة ، والعيلة ، والذلة ، والمسكنة ، وأعوذ بك من الفقر ، والكفر ، والفسوق ، والشقاق ، والنفاق ، والسمعة ، والرياء ، وأعوذ بك من الصمم ، والبكم ، والجنون ، والجذام ، والبرص ، وسيئ الأسقام

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিনাল আজযি অলকাসালি অলজুবনি অলবুখলি অলহারামি অলক্কাসওয়াতি অলগাফলাতি অলআইলাতি অয্‌যিল্লাতি অলমাসকানাহ। অ আউযু বিকা মিনাল ফাক্‌রি অলকুফরি অলফুসূকি অশশিক্কা-কি অন্‌নিফা-কি অস্‌সুমআতি অররিয়া-’। অ আউযু বিকা মিনাস স্বামামি অলবাকামি। অলজুনূনি অলজুযা-মি অলবারাস্বি অসাইয়্যিইল আসক্কা-ম।

অর্থঃ হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট অক্ষমতা, অলসতা, ভীরুতা, কার্পণ্য, স্থবিরতা, কঠোরতা, ঔদাস্য, দারিদ্র্য, লাঞ্ছনা এবং দীন থেকে আশ্রয় চাচ্ছি। তোমার নিকট অভাব-অনটন, কুফরী, ফাসেকী, বিরোধিতা, কপটতা এবং (আমলে) সুনাম ও লোক প্রদর্শনের উদ্দেশ্য থেকে পানাহ চাচ্ছি। আর আমি তোমার নিকট বধিরতা, মুকতা, উন্মাদনা, কুষ্ঠরোগ, ধবল এবং সকল প্রকার কঠিন ব্যাধি থেকে আশ্রয় প্রার্থনা করছি। (সঃ জামে’ ১/৪০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11852

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন